

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড

চট্টগ্রাম

প্রেস বিজ্ঞপ্তি

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডি এর ৪৩ তম বার্ষিক সাধারণ সভা

মেঘনা পেট্রোলিয়াম লিমিটেডি এর ৪৩তম বার্ষিক সাধারণ সভা ৫ই মার্চ, ২০২২ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় ‘ডিজিটাল প্ল্যাটফর্মে-এ অনুষ্ঠিত হয়। উক্ত বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব এবং কোম্পানির পরিচালক পর্ষদের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ মাহবুব হোসেন। সভায় বিপুল সংখ্যক শেয়ারহোল্ডার ভার্চুয়্যালি অংশগ্রহণ করেন। এছাড়াও সভায় কোম্পানির পরিচালকবৃন্দের মধ্যে ড. ফারহিনা আহমেদ, অতিরিক্ত সচিব (অর্থ বিভাগ), অর্থ মন্ত্রণালয় ও পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোঃ আসমাউল হোসেন, স্বাধীন পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোঃ খলিলুর রহমান, স্বাধীন পরিচালক, এমপিএল বোর্ড; কাজী শাহজাহান, উপসচিব (সিনিয়র সচিবের একান্ত সচিব), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পরিচালক, এমপিএল বোর্ড; শেখ মোহাম্মদ বেলায়েত হোসেন, উপ-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও পরিচালক, এমপিএল বোর্ড; জনাব আবুল ফজল মোঃ নাফিউল করিম, পরিচালক, এমপিএল বোর্ড; ডাঃ আশরাফ উদ্দিন, শেয়ারহোল্ডার পরিচালক, এমপিএল বোর্ড; জনাব মোঃ আবু সালেহ ইকবাল, ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড ও পরিচালক, এমপিএল বোর্ড ও কোম্পানি সচিব জনাব রেজা মোঃ রিয়াজউদ্দিন উপস্থিত ছিলেন।

উক্ত বার্ষিক সাধারণ সভায় সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ ভার্চুয়্যালি অংশগ্রহণ করে তাঁদের বক্তব্যে কোম্পানির বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন এবং কোম্পানির উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করেন। কোম্পানি ২০২০-২০২১ হিসাব বছরে ২৮২.১৪ কোটি টাকা কর উত্তর মুনাফা অর্জন করায় এবং শেয়ার প্রতি আয় ২৬.০৭ টাকা হওয়ায় কোম্পানির পরিচালক পর্ষদ ও সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে ধন্যবাদ জ্ঞাপন পূর্বক সন্তোষ প্রকাশ করা হয়। সভায় ১৫০% ক্যাশ ডিভিডেন্ড প্রদান অনুমোদন করা হয়।

স্বাক্ষর:

(মোহাঁ জসীম উদ্দীন)
জেনারেল ম্যানেজার (এইচ আর)